
ঈসাকে অবিশকার করা

ঈসা বিশেষ কেন?



ঈসার জন্ম

পড়া - লুক ১:২৬-৩৮

26-27এলিজাবেতের যখন ছয় মাসের গর্ভ তখন আল্লাহ্ গালীল প্রদেশের নাসরত গ্রামের মরিয়ম নামে একটি অবিবাহিতা সতী মেয়ের কাছে জিবরাইল ফেরেশতাকে পাঠালেন। বাদশাহ্ দাউদের বংশের ইউসুফ নামে একজন লোকের সংগে তাঁর বিয়ের কথাবার্তা ঠিক হয়েছিল। 28ফেরেশতা মরিয়মের কাছে এসে তাঁকে সালাম জানিয়ে বললেন, "মাবুদ তোমার সংগে আছেন এবং তোমাকে অনেক দোয়া করেছেন।"
29এই কথা শুনে মরিয়মের মন খুব অস্থির হয়ে উঠল। তিনি ভাবতে লাগলেন এই রকম সালামের মানে কি। 30ফেরেশতা তাঁকে বললেন, "মরিয়ম, ভয় কোরো না, কারণ আল্লাহ্ তোমাকে খুব রহমত করেছেন। 31শোন, তুমি গর্ভবতী হবে আর তোমার একটি ছেলে হবে। তুমি তাঁর নাম ঈসা রাখবে। 32তিনি মহান হবেন। তাঁকে আল্লাহ্তা'লার পুত্র বলা হবে। মাবুদ আল্লাহ্ তাঁর পূর্বপুরুষ বাদশাহ্ দাউদের সিংহাসন তাঁকে দেবেন।
33তিনি ইয়াকুবের বংশের লোকদের উপরে চিরকাল ধরে রাজত্ব করবেন। তাঁর রাজত্ব কখনও শেষ হবে না।"
34তখন মরিয়ম ফেরেশতাকে বললেন, "এ কেমন করে হবে? আমার তো বিয়ে হয় নি।"
35ফেরেশতা বললেন, "পাক-রূহ্ তোমার উপরে আসবেন এবং আল্লাহ্তা'লার শক্তির ছায়া তোমার উপরে পড়বে। এইজন্য যে পবিত্র সন্তান জন্মগ্রহণ করবেন তাঁকে ইব্নুল্লাহ্ বলা হবে। 36দেখ, এই বুড়ো বয়সে তোমার আত্মীয়া এলিজাবেতের গর্ভেও ছেলের জন্ম হয়েছে। লোকে বলত তার ছেলেমেয়ে হবে না, কিন্তু এখন তার ছয় মাস চলছে। 37আল্লাহ্র কাছে অসম্ভব বলে কোন কিছুই নেই।"
38মরিয়ম বললেন, "আমি মাবুদের বাঁদী, আপনার কথামতই আমার উপর সব কিছু হোক।" এর পরে ফেরেশতা মরিয়মের কাছ থেকে চলে গেলেন।

গভীরভাবে চিন্তা করা

এই গল্প থেকে ঈসার বিষয় কি শিখতে পারি?

এই গল্প কিভাবে আপনার ঈসার বিষয় চিন্তা পরিবর্তন করবে?

ঈসাকে অবিশকার করা

ঈসা বিশেষ কেন?

ঈউহোন্না ৫:৩৯

ঈসার অলৌকিক কাজ

পড়া - লুক ৫:১৭-২৬

17একদিন ঈসা যখন শিক্ষা দিচ্ছিলেন তখন ফরীশীরা এবং আলেমেরা সেখানে বসে ছিলেন। গালীল প্রদেশের বিভিন্ন গ্রাম এবং এহুদিয়া প্রদেশ ও জেরুজালেম শহর থেকে এঁরা এসেছিলেন। রোগীদের সুস্থ করবার জন্য মাবুদের কুদরত ঈসার মধ্যে ছিল।
18তখন কয়েকজন লোক একজন অবশ-রোগীকে খাটে করে বয়ে আনল। তারা তাকে ভিতরে নিয়ে গিয়ে ঈসার সামনে রাখবার চেষ্টা করল, 19কিন্তু ভিড়ের জন্য ভিতরে যাবার পথ পেল না। তখন তারা ছাদে উঠল এবং ছাদের টালি সরিয়ে বিছানা সুদ্ধ তাকে লোকদের মাঝখানে ঈসার সামনে নামিয়ে দিল। 20তারা ঈমান এনেছে দেখে ঈসা বললেন, "বন্ধু, তোমার গুনাহ্ মাফ করা হল।"
21এতে আলেম ও ফরীশীরা মনে মনে ভাবতে লাগলেন, "এই লোকটা কে, যে কুফরী করছে? আল্লাহ্ ছাড়া আর কে গুনাহ্ মাফ করতে পারে?"
22তাঁরা মনে মনে কি চিন্তা করছিলেন ঈসা তা বুঝতে পেরে বললেন, "আপনারা মনে মনে কেন ঐ কথা ভাবছেন? 23কোন্‌টা বলা সহজ, 'তোমার গুনাহ্ মাফ করা হল,' না 'তুমি উঠে হেঁটে বেড়াও'? 24কিন্তু আপনারা যেন জানতে পারেন দুনিয়াতে গুনাহ্ মাফ করবার ক্ষমতা ইব্‌ন্তেআদমের আছে"- এই পর্যন্ত বলে তিনি সেই অবশ-রোগীকে বললেন, "আমি তোমাকে বলছি, ওঠো, তোমার বিছানা তুলে নিয়ে বাড়ী চলে যাও।"
25সেই লোকটি তখনই সকলের সামনে উঠে দাঁড়াল এবং যে বিছানার উপরে সে শুয়ে ছিল তা তুলে নিয়ে আল্লাহ্‌র প্রশংসা করতে করতে বাড়ী চলে গেল। 26তাতে সবাই খুব আশ্চর্য হল এবং ভয়ে আল্লাহ্‌র প্রশংসা করে বলল, "আজ আমরা কি আশ্চর্য ব্যাপার দেখলাম!"


গভীরভাবে চিন্তা করা

এই গল্প থেকে ঈসার বিষয় কি শিখতে পারি?

এই গল্প কিভাবে আপনার ঈসার বিষয় চিন্তা পরিবর্তন করবে?

ঈসাকে অবিশকার করা

ঈসা বিশেষ কেন?



ঈসার শিক্ষা

পড়া লুক ৬:৪৬-৪৯

“তোমরা কেন আমাকে ‘প্রভু, প্রভু’ বলে ডাক, অথচ আমি যা বলি তা কর না? 47যে কেউ আমার কাছে এসে আমার কথা শোনে এবং সেইমত কাজ করে সে কার মত আমি তা তোমাদের বলি। 48সে এমন একজন লোকের মত, যে ঘর তৈরী করবার জন্য গভীর করে মাটি কেটে পাথরের উপর ভিত্তি গাঁথল। পরে বন্যা আসল এবং নদীর পানির স্রোত সেই ঘরের উপর এসে পড়ল, কিন্তু ঘরটা নাড়াতে পারল না, কারণ সেটা শক্ত করেই তৈরী করা হয়েছিল। 49যে আমার কথা শোনে অথচ সেইমত কাজ না করে সে এমন একজন লোকের মত, যে মাটির উপর ভিত্তি ছাড়াই ঘর তৈরী করল। পরে নদীর পানির স্রোত যখন সেই ঘরের উপর এসে পড়ল তখনই সেই ঘরটা পড়ে একেবারে ধ্বংস হয়ে গেল।”

গভীরভাবে চিন্তা করা

এই গল্প থেকে ঈসার বিষয় কি শিখতে পারি?

এই গল্প কিভাবে আপনার ঈসার বিষয় চিন্তা পরিবর্তন করবে?

ঈসাকে অবিশকার করা

ঈসা বিশেষ কেন?

ঈউহোন্না ৫:৩৯

ঈসার মৃত্যু

পড়া লুক ২৩:৩২-৪৯

সৈন্যেরা দু'জন দোষী লোককেও হত্যা করবার জন্য ঈসার সংগে নিয়ে চলল। 33যে জায়গাটাকে মাথার খুলি বলা হত সেখানে পৌঁছে তারা ঈসাকে ও সেই দু'জন দোষীকে ক্রুশে দিল- একজনকে ঈসার ডান দিকে ও অন্যজনকে বাঁদিকে। 34তখন ঈসা বললেন, "পিতা, এদের মাফ কর, কারণ এরা কি করছে তা জানে না।"
তারা গুলিবাঁট করে ঈসার কাপড়-চোপড় নিজেদের মধ্যে ভাগ করে নিল। 35লোকেরা দাঁড়িয়ে দেখছিল। ধর্ম-নেতারা ঈসাকে ঠাট্টা করে বললেন, "সে তো অন্যদের রক্ষা করত। যদি সে আল্লাহ্‌র মসীহ্‌, তাঁর বাছাই-করা বান্দা হয় তবে নিজেকে রক্ষা করুক!"
36সৈন্যেরাও তাঁকে ঠাট্টা করতে লাগল। তারা ঈসাকে খেতে দেবার জন্য তাঁর কাছে সিরকা নিয়ে গিয়ে বলল, 37"তুমি যদি ইহুদীদের বাদশাহ্‌ হও তবে নিজেকে রক্ষা কর।"
38ক্রুশে তাঁর মাথার উপরের দিকে একটা ফলকে এই কথা লেখা ছিল, "এই লোকটি ইহুদীদের বাদশাহ্‌।"
39যে দু'জন দোষী লোককে সেখানে ক্রুশে টাংগানো হয়েছিল তাদের মধ্যে একজন ঈসাকে টিট্‌কারি দিয়ে বলল, "তুমি নাকি মসীহ্‌? তাহলে নিজেকে ও আমাদের রক্ষা কর।"
40তখন অন্য লোকটি তাকে বকুনি দিয়ে বলল, "তুমি কি আল্লাহ্‌কে ভয় কর না? তুমি তো একই রকম শাস্তি পাচ্ছ। 41আমরা উচিত শাস্তি পাচ্ছি। আমাদের যা পাওনা আমরা তা-ই পাচ্ছি, কিন্তু এই লোকটি তো কোন দোষ করে নি।" 42তারপর সে বলল, "ঈসা, আপনি যখন রাজত্ব করতে ফিরে আসবেন তখন আমার কথা মনে করবেন।"
43জবাবে ঈসা তাকে বললেন, "আমি তোমাকে সত্যি বলছি, তুমি আজকেই আমার সংগে জান্নাতুল-ফেরদৌসে উপস্থিত হবে।"
হযরত ঈসা মসীহের মৃত্যু
44-45তখন বেলা প্রায় দুপুর। সূর্য আলো দেওয়া বন্ধ করল এবং সারা দেশ অন্ধকার হয়ে গেল। বেলা তিনটা পর্যন্ত সেই রকমই রইল। বায়তুল-মোকাদ্দসের পর্দাটা মাঝখানে চিরে দু'ভাগ হয়ে গেল।
46ঈসা চিৎকার করে বললেন, "পিতা, আমি তোমার হাতে আমার রূহ্‌ তুলে দিলাম।" এই কথা বলে তিনি প্রাণত্যাগ করলেন।
47এই সব দেখে রোমীয় শত-সেনাপতি আল্লাহ্‌র প্রশংসা করে বললেন, "সত্যিই লোকটি ধার্মিক ছিল।"
48যে লোকেরা সেখানে জমায়েত হয়েছিল তারা এই সমস্ত ঘটনা দেখে বুক চাপ্‌ড়াতে চাপ্‌ড়াতে সেখান থেকে ফিরে গেল। 49যাঁরা ঈসাকে চিনতেন এবং যে স্ত্রীলোকেরা গালীল থেকে তাঁর সংগে সংগে এসেছিলেন তাঁরা সবাই দূরে দাঁড়িয়ে সব কিছু দেখছিলেন।

গভীরভাবে চিন্তা করা

এই গল্প থেকে ঈসার বিষয় কি শিখতে পারি?

এই গল্প কিভাবে আপনার ঈসার বিষয় চিন্তা পরিবর্তন করবে?

ঈসাকে অবিশকার করা

ঈসা বিশেষ কেন?

ঈউহোন্না ৫:৩৯

ঈসার পুনরুত্থান

পড়া লুক ২৪:১-১২

1সপ্তার প্রথম দিনের খুব সকালবেলা সেই স্ত্রীলোকেরা সেই খোশবু মসলা নিয়ে
কবরের কাছে গেলেন। 2তাঁরা দেখলেন কবরের মুখ থেকে পাথরখানা সরিয়ে রাখা
হয়েছে, 3কিন্তু কবরের ভিতরে গিয়ে তাঁরা হযরত ঈসার লাশ দেখতে পেলেন না।
4যখন তাঁরা অবাক হয়ে সেই বিষয়ে ভাবছিলেন তখন বিদ্যুতের মত ঝক্‌ঝকে কাপড়
পরা দু'জন লোক তাঁদের পাশে এসে দাঁড়ালেন। 5এতে স্ত্রীলোকেরা ভয় পেয়ে মাথা নীচু
করলেন। লোক দু'টি তাঁদের বললেন, "যিনি জীবিত তাঁকে মৃতদের মধ্যে তালাশ করছ
কেন? 6তিনি এখানে নেই; তিনি জীবিত হয়ে উঠেছেন। তিনি যখন গালীলে ছিলেন
তখন তিনি তোমাদের কাছে যা বলেছিলেন তা মনে করে দেখ। 7তিনি বলেছিলেন,
ইব্‌ন্তেআদমকে গুনাহ্‌গার লোকদের হাতে ধরিয়ে দেওয়া হবে। তার পরে তাঁকে ক্রুশের
উপরে হত্যা করা হবে এবং তৃতীয় দিনে তাঁকে আবার জীবিত হয়ে উঠতে হবে।"
8তখন তাঁদের সেই কথা মনে পড়ল। 9তাঁরা কবর থেকে ফিরে গিয়ে সেই এগারোজন
সাহাবী এবং অন্য সকলকে এই সব কথা জানালেন। 10সেই স্ত্রীলোকদের মধ্যে ছিলেন
মগ্‌দলীনী মরিয়ম, যোহানা ও ইয়াকুবের মা মরিয়ম। তাঁদের সংগে আর অন্য যে
স্ত্রীলোকেরা ছিলেন তাঁরাও এই সমস্ত কথা সাহাবীদের কাছে বললেন। 11কিন্তু সেই সব
কথা তাঁদের কাছে বাজে কথার মতই মনে হল। সেইজন্য সেই স্ত্রীলোকদের কথা তাঁরা
বিশ্বাস করলেন না। 12পিতর কিন্তু উঠে দৌড়ে কবরের কাছে গেলেন এবং নীচু হয়ে
কেবল কাপড়গুলোই দেখতে পেলেন। যা ঘটেছে তাতে আশ্চর্য হয়ে তিনি ফিরে
আসলেন।

গভীরভাবে চিন্তা করা

এই গল্প থেকে ঈসার বিষয় কি শিখতে পারি?

এই গল্প কিভাবে আপনার ঈসার বিষয় চিন্তা পরিবর্তন করবে?

ঈসাকে অবিশকার করা

ঈসা বিশেষ কেন?

ঈউহোন্না ৫:৩৯

ঈসা কে?

পড়া লুক ৯:১৮-২৭

18একবার ঈসা একটা নির্জন জায়গায় মুনাজাত করছিলেন। তাঁর সংগে কেবল তাঁর সাহাবীরাই ছিলেন। তিনি তাঁদের জিজ্ঞাসা করলেন, “আমি কে, এই বিষয়ে লোকে কি বলে?”
19সাহাবীরা বললেন, “কেউ কেউ বলে আপনি তরিকাবন্দীদাতা ইয়াহিয়া; কেউ কেউ বলে নবী ইলিয়াস; আবার কেউ কেউ বলে অনেক দিন আগেকার একজন নবী বেঁচে উঠেছেন।”
20ঈসা তাঁদের বললেন, “কিন্তু তোমরা কি বল, আমি কে?”
পিতর বললেন, “আপনি আল্লাহ্‌র সেই মসীহ্‌।”
21তখন ঈসা তাঁদের সাবধান করলেন এবং হুকুম দিলেন যেন তাঁরা কাউকে এই কথা না বলেন। 22তিনি তাঁদের আরও বললেন, ইব্‌ন্তেআদমকে অনেক দুঃখভোগ করতে হবে। বৃদ্ধনেতারা, প্রধান ইমামেরা এবং আলেমেরা তাঁকে অগ্রাহ্য করবেন। তাঁকে হত্যা করা হবে এবং তিন দিনের দিন তাঁকে মৃত্যু থেকে জীবিত হয়ে উঠতে হবে।
23তারপর তিনি সবাইকে বললেন, “যদি কেউ আমার পথে আসতে চায়, তবে সে নিজের ইচ্ছামত না চলুক; প্রত্যেক দিন নিজের ক্রুশ বয়ে নিয়ে সে আমার পিছনে আসুক। 24যে কেউ তার নিজের জন্য বেঁচে থাকতে চায় সে তার সত্যিকারের জীবন হারাবে; কিন্তু যে আমার জন্য তার প্রাণ হারায় সে তার সত্যিকারের জীবন রক্ষা করবে। 25যদি কেউ সমস্ত দুনিয়া লাভ করে তার বিনিময়ে তার সত্যিকারের জীবন হারায় তবে তার কি লাভ হল? 26যদি কেউ আমাকে নিয়ে ও আমার কথা নিয়ে লজ্জা বোধ করে, তবে ইব্‌ন্তেআদম যখন নিজের মহিমা এবং পিতা ও পবিত্র ফেরেশতাদের মহিমায় আসবেন তখন তিনিও সেই লোকের সম্বন্ধে লজ্জা বোধ করবেন। 27আমি তোমাদের সত্যিই বলছি, এখানে এমন কয়েকজন আছে যাদের কাছে আল্লাহ্‌র রাজ্য দেখা না দেওয়া পর্যন্ত তারা কোনমতেই মারা যাবে না।”

গভীরভাবে চিন্তা করা

এই গল্প থেকে ঈসার বিষয় কি শিখতে পারি?

এই গল্প কিভাবে আপনার ঈসার বিষয় চিন্তা পরিবর্তন করবে?